

নারীশ্রমিক কঠ

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৪/১১/২০১৯

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়

‘নারীশ্রমিক কঠ’- এর পক্ষ থেকে শুভেচ্ছা!

শ্রমিক-নারীরা দেশের উল্লেখযোগ্য চালিকাশক্তি হলেও তাদের চলার পথ সহজতর নয়। গৃহ-কর্মক্ষেত্রে তাদের নানা প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। আমরা মনে করি, নারীশ্রমিকদের নেতৃত্ব ও সিদ্ধান্তগ্রহণে অংশগ্রহণ বাড়াতে হলে তাদের একটি প্ল্যাটফর্ম থাকা আবশ্যিক, আর এ লক্ষ্যে নারীশ্রমিক কঠের যাত্রা। নারীশ্রমিক কঠে ২২ টি শ্রমিক সংগঠন যুক্ত আছে। ২৫ নভেম্বর আন্তর্জাতিক ‘নারী নির্যাতন প্রতিরোধ দিবস’কে সামনে রেখে অভিবাসী নারীশ্রমিকের নিরাপদ বিদেশগমন ও নিরাপদ কর্মস্থল নিশ্চিত করার দাবিতে ‘নারীশ্রমিক কঠ’ ২৫ নভেম্বর, ২০১৯ সোমবার সকাল ১১:০০টায় জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স কক্ষে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করেছে। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করবেন নারীশ্রমিক কঠের অন্যতম সদস্য নারীনেত্রী উম্মে হাসান ঝলমল ও একইসাথে উপস্থিত থাকবেন নারীশ্রমিক কঠের অন্যান্য নেতৃবৃন্দ। উল্লেখ্য নারীশ্রমিক কঠের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন জাতীয় নেতা শিরীন আখতার, এমপি।

উক্ত সংবাদ সম্মেলনে অংশগ্রহণের জন্য আপনাদের আমন্ত্রণ জানাচ্ছি।

অনুষ্ঠান

:

সংবাদ সম্মেলন

বিষয়

:

নারীশ্রমিকের মর্যাদা ও নিরাপত্তা রক্ষায় জোট বাধো- তৈরি হও- রুখে দাঁড়াও এক সাথে
অভিবাসী নারীশ্রমিকের নিরাপদ বিদেশগমন ও নিরাপদ কর্মস্থল নিশ্চিত কর

তারিখ, স্থান ও সময় :

২৫ নভেম্বর ২০১৯, সোমবার, সকাল ১১: ০০ টা
কনফারেন্স রুম, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ট্রু পাঠানোর অনুরোধ করছি।

আপনাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ।

ধন্যবাদ

রোকেয়া রফিক

সদস্য-সচিব

নারীশ্রমিক কঠ

এবং

নির্বাহী পরিচালক, কর্মজীবী নারী

যোগাযোগ: কাজী গুলশান আরা- ০১৭১৬৮৬৪৪৭২